তারিখ 18 SEP 1989
পৃষ্ঠা ১ কলাম ৩

171

# দৈনিক সংবাদ

## পটিয়া কলেজে ছাত্র সংঘর্ষ আহত ৭

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১৭ই সেপ্টেম্বর।— চট্টগ্রামের আরো একটি কলেজে ছাত্র সংঘর্ষ ঘটেছে। গতকাল দুপুরে পটিয়া কলেজে জাতীয় ছাত্রলীগের বিক্ষোভ মিছিলে হামলা চালালে ৭ জন আহত হয়।

পুলিশ জানায়, গতকাল দুপুরে কলেজ চত্বরে জাতীয় ছাত্রলীগ মিছিল বের করে। এসময় এক দল বহিরাগত পেছন থেকে হামলা চালায়। এতে শাহাবুদ্দীন ও শাহজাহানসহ ছাত্রলীগের ৭জন আহত হয়। ঘটনার পর পুলিশ ক্যাম্পাসে ঢুকে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। জাতীয় ছাত্রলীগ এই হামলার জন্য জাতীয়তাবাদী ছাত্রদলকে দায়ী করেছে।

### কমার্স কলেজ খোলা হচ্ছে

অব্যাহত ছাত্র সংঘর্ষের কারণে দীর্ঘ ৫১ দিন বন্ধ থাকা চট্টগ্রাম সরকারী কমার্স কলেজ আগামী ২০শে সেপ্টেম্বর খোলা হচ্ছে। গত ৩১শে জুলাই কলেজ খোলার

(শেষ পৃ: ২-এর ক: দেখুন)

### পটিয়া কলেজ

(১ম পাতার পর)

সংগে সংগেই ছাত্র সংঘর্ষের কারণে বন্ধ হয়ে যায়। এর আগে গত ২৭শে মার্চ ও ১৩ই মে ছাত্র সংঘর্ষের কারণে কলেজটি বন্ধ হয়ে যায়। গত ৮ মাসে কলেজে সংঘর্ষে নিহত হয় ৩ জন ছাত্র।